Information about the Relics Centres :

1. **Bangabani**
Sri Aurobindo Mandir Sarani
Niday Ghat, Nabadwip
Dist. : Nadia-741302
Contact Person : Shri Dibyendu Goswami
Phone No : (M) 98942 56489/94432 16807

শ্রীঅরবিন্দ আশ্রমের বাইরে দ্বিতীয় এবং পশ্চিমবাংলায় প্রথম শ্রীঅরবিন্দের দিব্যদেহাবশেষ ১৯৫৯ এর ২১ শে ফেব্রুয়ারী অর্থাৎ মায়ের জন্মদিনে এই কেন্দ্রে স্থাপিত হয়। শ্রীচৈতন্য মহাপ্রভুর জন্মস্থানের কাছে কেন্দ্রটি অবস্থিত।

পথনির্দেশ : এই কেন্দ্রে শিয়ালদহ থেকে ট্রেনে কৃষ্ণনগর অথবা শান্তিপুর স্টেশনে নেমে ভাগীরথী নদী পার হয়ে রিক্সায় বা হাঁটা পথে যাওয়া যায়। একইভাবে হাওড়া স্টেশন থেকে কাটোয়া লোকালে নবদ্বীপধাম স্টেশনে নেমে রিক্সায় যাওয়া যায়। যাবার আগে যোগাযোগ করলে ভাল হয়।

2. **Sri Aurobindo Bhavan**
8, Shakespeare Sarani, Kol 71
Contact Person : Sri Satindra Nath Das Gupta
Phone No. : 2282 3057
Fax No : 2282 3057
E-mail : sabhavan@vsnl.net

৮, শেক্সপীয়র সরণীর শ্রীঅরবিন্দ ভবন বিশেষভাবে সমাদৃত শ্রীঅরবিন্দের জন্মস্থান হিসেবে। ১৯৭২ সালে অর্থাৎ শ্রীঅরবিন্দের জন্মশতবর্ষে পশ্চিমবঙ্গ সরকার ও শ্রীঅরবিন্দ আশ্রম পণ্ডিচেরীর সম্মিলিত উদ্যোগে শ্রীঅরবিন্দ সমিতি গঠিত ও শ্রীঅরবিন্দ ভবন প্রতিষ্ঠিত হয়েছিল এবং ১৯৭৩-এর ১৬ই ফেব্রুয়ারী নবনির্মিত প্রস্তরবেদীতে বিশেষ রাজকীয় মর্যাদায় শ্রীঅরবিন্দের পবিত্র দেহাবশেষ সংস্থাপিত হয়।

পথনির্দেশ : শহরের যে কোনো প্রান্ত থেকে বিড়লা তারামণ্ডলে এসে মিনিট দুয়েকের পথ।

3. **Sri Aurobindo Pathamandir**
Vill & P.O. Balichak
Dist : Paschim Medinipur.
Pin 721124
Contact Person : Shri Satyacharan Dey
Phone No. : (03222) 244204

এই কেন্দ্রটি স্থাপিত হয় ১৯৬৮ সালের ২৪শে নভেম্বর। এই কেন্দ্রের পরিচালনায় একটি স্কুল রয়েছে 'শ্রীঅরবিন্দ বিদ্যাভবন' নামে। ৭-২-১৯৭৬ তারিখে শ্রীঅরবিন্দের পবিত্র দেহাবশেষ এই কেন্দ্রে স্থাপিত হয়।

পথনির্দেশ : হাওড়া থেকে ল্যোকাল ট্রেনে (খড়্গপুর লাইনে) বালিচক স্টেশনে নেমে রিক্সায় যাওয়া যায় অথবা সড়ক পথেও যাওয়া যেতে পারে। পূর্বে জানালে থাকা খাওয়ার ব্যবস্থা করা যেতে পারে।

4. **Sri Aurobindo Sadhanpith**
P.O. & Vill. - Mala, Mahirampur
Dist : 24 Pgs (S) 743504
Contact Person : Shri Jaydev Dev Sarkar
Shri Abani Das, Shri Subrato Betal
Phone No. : (03174) 225358

শ্রীঅরবিন্দের ভাবধারায় উদ্বুদ্ধ এক ছোট্ট গ্রাম মালা। বিভিন্ন সময়ে নানা পরিবর্তনের মধ্যে দিয়ে ১৯৪০ সালে এটি পরিচিত হয় শ্রীঅরবিন্দ সাধনপীঠ নামে। এখানে ১৯৭৬ সালের ১০ই এপ্রিল শ্রীঅরবিন্দের দেহাবশেষ স্থাপিত হয়।

পথনির্দেশ : ধর্মতলা বা তারাতলা থেকে সড়ক পথে (সহরারহাট)। ঐখান থেকে যাবার ব্যবস্থা রয়েছে। রিক্সোতে মহিরামপুর পৌঁছে হাঁটা পথে সময় লাগে প্রায় ১০ মিনিট।

5. **Sri Aurobindo Institute of Culture**
Lakshmi's House
3, Regent Park
Kol-700040
Contact Person : Shri Ranjan Mitter
Phone No. : 2471 2612, 2481 1557
Fax No. : 2471 5733
E-mail : mirra@lakshmihouse.org

কলকাতার দক্ষিণপ্রান্তে রাণীকুঠির কাছে এই কেন্দ্রটি অবস্থিত। বহু পুরোনো এই কেন্দ্রের নাম শ্রীমা দিয়েছিলেন 'লক্ষ্মী হাউস'। ১৯৭৭ এর ২৪ শে জুন এই কেন্দ্রে শ্রীঅরবিন্দের দেহাবশেষ স্থাপিত হয়। এই কেন্দ্রের পরিচালনায় একটি বিদ্যালয়, বিপণন কেন্দ্র, গ্রন্থাগার, La Mere নামক Art Gallary, চিকিৎসা কেন্দ্র ও শিল্প-সংস্কৃতি চর্চার কেন্দ্র আছে। আলো ও ধ্বনির সাহায্যে পরিবেশিত শ্রীঅরবিন্দের জীবনালেখ্যটি দর্শনীয়। এছাড়াও মায়ের ঘরটিও দর্শনীয়।
গড়িয়ার বোড়ালে শ্রীঅরবিন্দ সেবা ট্রাস্ট এই কেন্দ্রের পরিচালনাধীন।

পথনির্দেশ : টালিগঞ্জ মেট্রো স্টেশন থেকে অটোতে কলকাতার বিভিন্ন প্রান্ত থেকে বাসে যাওয়া যায়। রাণীকুঠি বা নেতাজীনগর বাস স্টপের কাছেই কেন্দ্রটি অবস্থিত।

6. Sri Aurobindo Bhavan

P. C. Bose Lane
Krishnanagar : Nadia Pin 741101
Contact Person : Prof Gobindo Bandhopadhyay.
Phone No. : (03472) 52033/53774

পশ্চিমবঙ্গের নদীয়া জেলার সুপ্রাচীন শহর এই কৃষ্ণনগর। ১৯৭২ সালে সমিতি গঠন করে শ্রীঅরবিন্দ ভবন গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়। এই সিদ্ধান্ত বাস্তব রূপ পায় ১৯৭৫ সালের ২৪ শে নভেম্বর অর্থাৎ সিদ্ধিদিবসের পুণ্যলগ্নে। ১৯৭৮ সালের ১৮ই ফেব্রুয়ারী ভবনের নবনির্মিত ধ্যানকক্ষে স্থাপন করা হয় শ্রীঅরবিন্দের পবিত্র দেহাবশেষ। এই কেন্দ্রের বহুমুখী কর্মসূচীর মধ্যে উল্লেখযোগ্য একটি পদক্ষেপ হল ভবন পরিচালিত প্রাক্ প্রাথমিক বিদ্যালয়টি।

পথনির্দেশ : ৩৪ নং জাতীয় সড়ক হয়ে অথবা শিয়ালদহ থেকে কৃষ্ণনগরগামী ট্রেনে ঘন্টা তিনেকের পথ। স্টেশনে নেমে রিক্সায় ভবনের দূরত্ব মিনিট দশেক। পূর্বে জানালে থাকা খাওয়ার ব্যবস্থা করা যেতে পারে।

7. **Sri Aurobindo Khetra**
P.O. Dalanghata, Bardrone
Dist.: 24 Pgs (S)
Pin : 743332
Contact Person : Shri Golak Mondal
Phone No. : 24882043

দক্ষিণ ২৪ পরগণা জেলার ডায়মণ্ডহারবার এর কিছু দক্ষিণে কাকদ্বীপ রোডের ধারে গ্রাম্য পরিবেশে এই কেন্দ্র। এই কেন্দ্রেও শ্রীঅরবিন্দের পুণ্য দেহাবশেষ সযত্নে রক্ষিত হয়েছে ৫ই মে ১৯৮৫ সালে। এছাড়া এখানে শ্রীঅরবিন্দ শিক্ষানিকেতন নামে ২০/২৫ জন দুঃস্থ শিশুদের আশ্রয় দান ও শিক্ষার ব্যবস্থা আছে।

পথনির্দেশ : শিয়ালদহ ষ্টেশনের দক্ষিণ শাখার ডায়মণ্ডহারবার গামী ট্রেনে ডায়মণ্ডহারবার নেমে বাসে বা ভ্যান রিক্সাতে অথবা ধর্মতলা হইতে কাকদ্বীপ/নামখানা/দঃ বিষ্ণুপুর গামী দূরপাল্লার বাসে দলনঘাটা ষ্টপে নেমে হেঁটে যাওয়া যায়।

8. **Sri Aurobindo Bhavan, Hooghly Chuchura**
Jagudaspara Road
P.O. Hooghly, Dist : Hooghly 712103
Contact Person : Shri Tridiv Ranjan Sarkar
Dr. Diptendu Shekhar Bhattacharya
Phone No. : 2680-5857, 2680 2183

১৯৮৯ সালের ৬ই সেপ্টেম্বর এখানে শ্রীঅরবিন্দের পবিত্র দেহাবশেষ স্থাপিত হয়। ১৯৯১ সালের ২৪ শে এপ্রিল এখানে স্থাপিত হয় শ্রীমায়ের পাদুকা। চুঁচুড়ার ঐতিহাসিক ডাচ ভিলার নীচের তলায় এই কেন্দ্রের একটি শাখা কেন্দ্র "শ্রীঅরবিন্দ চরণতীর্থ"-র সম্প্রতি শুভ সূচনা হয়েছে। এই কেন্দ্র পরিচালিত একটি শিশু বিদ্যালয়ও আছে।

পথনির্দেশ : হাওড়া ও শিয়ালদহ থেকে ট্রেনে সময় লাগে ঘন্টা দেড়েক। হাওড়া থেকে ট্রেনে হুগলী স্টেশনে নেমে রিক্সায় এবং শিয়ালদা থেকে নৈহাটী-ব্যাণ্ডেল শাখায় হুগলীঘাট স্টেশন। থাকার ব্যবস্থা করা যায় পূর্বে জানালে।